দৈনিক
ইত্তেফাক

তারিখ ..07 MAY 2018..
পৃষ্ঠা ...৩... কলাম...১...

# দাখিলে ৭ বছরের মধ্যে সবচেয়ে খারাপ ফল

■ ইত্তেফাক রিপোর্ট

দীর্ঘ সময় ধরে ১০ শিক্ষাবোর্ডের মধ্যে পাসের হারে শীর্ষে স্থানে ছিল মাদ্রাসা শিক্ষা বোর্ড। কিন্তু ২০১৮ সালের দাখিল পরীক্ষার ফলাফলে বিপর্যয় দেখা দিয়েছে। মূলত গত দুই বছর থেকে দাখিল পরীক্ষার ফলাফল নিম্নগামী হতে শুরু করে। তবে গত ৭ বছরের মধ্যে সবচেয়ে খারাপ ফল হয়েছে এবারের দাখিল পরীক্ষায়। এবার মাদ্রাসা শিক্ষা বোর্ডে পাসের হার ৭০.৮৯ শতাংশ, যা গত ৭ বছরের মধ্যে সর্বনিম্ন। ২০১৭ সালে এই বোর্ড থেকে ৭৬ দশমিক ২০ শতাংশ শিক্ষার্থী পাস করেছিল। এবার মাদ্রাসা বোর্ডে দুই লাখ ৮৬ হাজার ২০৬ শিক্ষার্থী দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। এবার বোর্ডে ৩ হাজার ৩৭১ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

গত ছয় বছরের মাদ্রাসা বোর্ডের ফলাফল বিশ্লেষণ করলে দেখা যায়, গত ছয় বছরের মধ্যে এবারই পাসের হার সবচেয়ে বেশি কমেছে। অন্য বছরগুলোর তুলনায় গত বছরেও পাসের হার কমেছিল। এবার এই বোর্ডে পাসের হার ৭০.৮৯ শতাংশ। গতবছর এই হার ছিল ৭৬ দশমিক ২০ শতাংশ। এছাড়া ২০১৬ সালে এই হার ছিল ৮৮ দশমিক ২২ শতাংশ। ২০১৫ সালের ছিল ৯০ দশমিক ২ শতাংশ, ২০১৪ সালে ছিল ৮৯ দশমিক ২৫ শতাংশ, ২০১৩ সালে ছিল ৮৯ দশমিক ১৩ শতাংশ এবং ২০১২ সালে এই হার ছিল ৮৮ দশমিক ৪৭ শতাংশ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............
তারিখ..............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে